

অর্থ আত্মসাতের অভিযোগে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পিওন কে এম আরিফুজ্জামান সোহাগকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো. আহসান হাবীব স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়, ঘবিপ্রবির কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক থাকা অবস্থায় অর্থ আত্মসাত করেছেন বলে বর্তমান কর্মচারী সমিতি অভিযোগ দিয়েছিল। এর ভিত্তিতে আইন উপদেষ্টার মতামতের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন তদন্ত কমিটি গঠন করে। তদন্তের সময়ের জন্য কে এম আরিফুজ্জামান সোহাগকে বাধ্যতামূলক ছুটি দেওয়া হয়েছে। উল্লেখ্য, আরিফুজ্জামান সোহাগ ঘবিপ্রবি কর্মচারী সমিতির ২০১৯-২০ কার্যনির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক ছিলেন। পরে তাঁর বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ তোলে কর্মচারী সমিতির ২০২০-২১ কার্যনির্বাহী পরিষদ। তদন্ত কমিটির প্রতিবেদনে অর্থ আত্মসাতের প্রমাণ মেলায় কর্মচারী সমিতিতে তাঁর সদস্য পদ আজীবনের জন্য বাতিল করা হয়। গত ২৩ ফেব্রুয়ারি সংবাদ সম্মেলনের মাধ্যমে এই সিদ্ধান্তের কথা জানান সমিতির বর্তমান নেতারা।

মন্তব্য

---